বণিকবার্তা শুক্রবার, জুন ১২, ২০২৬ ■ জ্যৈষ্ঠ ২৯, ১৪

North South University Library ★ 1992 ★

বাজেট প্রতিক্রিয়া



# ন্যূনতম ৫ শতাংশ শিক্ষা খাতে বরাদ্দ করা উচিত

## —আবদুল হান্নান চৌধুরী

উপাচার্য, নর্থ সাউথ ইউনিভার্সিটি

প্রস্তাবিত জাতীয় বাজেটে শিক্ষা খাতের অবস্থান বরাবরের মতোই উপেক্ষিত রয়ে গেছে বলে জানিয়েছেন নর্থ সাউথ ইউনিভার্সিটির উপাচার্য অধ্যাপক আবদুল হান্নান চৌধুরী। বাজেট-পরবর্তী প্রতিক্রিয়ায় প্রস্তাবিত বাজেটে শিক্ষা খাতে বরাদ্দের বিষয়ে সমালোচনা করেন তিনি।

দুঃখ প্রকাশ করে আবদুল হান্নান চৌধুরী বলেন, 'শিক্ষা খাত আমাদের বাজেটে মূল প্রাধান্য পাওয়ার কথা ছিল। কিন্তু অত্যন্ত দুঃখের বিষয় মোট বাজেটের মাত্র ২ শতাংশ শিক্ষা খাতে বরাদ্দ রাখা হয়েছে, যা আন্তর্জাতিক মানের তুলনায় অত্যন্ত অপ্রতুল।' তিনি আরো বলেন, 'মেধার বিকাশ ও তরুণ সমাজকে গড়ে তোলার জন্য আমাদের যেখানে সবচেয়ে বেশি খরচ করার কথা ছিল, সেখানে আমরা কোনোভাবেই পর্যাপ্ত বরাদ্দ দিতে পারছি না। এমনকি শিক্ষা ক্ষেত্রে যেটুকু বাজেট আসে, তারও বড় অংশ ব্যয় হয় অবকাঠামো নির্মাণে, শিক্ষার মূল মানোন্নয়নের জায়গায় নয়।'

আন্তর্জাতিকভাবে স্বীকৃত নিয়ম ও শিক্ষাবিদদের দাবি অনুযায়ী, বাজেটের ন্যূনতম ৫ শতাংশ শিক্ষা খাতে বরাদ্দ করা উচিত।